



সাবেক মন্ত্রী তোফায়েল আহমেদ মারা গেছেন



আওয়ামী লীগের বর্ষীয়ান নেতা তোফায়েল আহমেদ। ছবি: সংগৃহীত

সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগের জ্যেষ্ঠ রাজনীতিক তোফায়েল আহমেদ আর নেই। সোমবার (১ জুন) বিকেল সাড়ে ৩টার দিকে রাজধানীর স্কার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। পরিবারের সদস্য ও হাসপাতাল সূত্র গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছে।

দীর্ঘদিন ধরে শারীরিক নানা জটিলতায় ভুগছিলেন এই প্রবীণ রাজনীতিবিদ। প্যারালাইসিসসহ বিভিন্ন অসুস্থতার কারণে গত ২৮ সেপ্টেম্বর তাকে হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়।

এদিকে হাসপাতালে ভর্তি হওয়ার পর সামাজিক যোগাযোগমাধ্যমে তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লেও সে সময় চিকিৎসকরা তা গুজব বলে উড়িয়ে দেন এবং তার চিকিৎসা চলমান থাকার কথা জানান।

বিস্তারিত আসছে...